

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
মনিটরিং-২ শাখা  
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক-নং-৪৬.০০.০০০০.০৯৮.১৬.০০৪.২০১৯-২৬

তারিখঃ ০৩ ফাল্গুন ১৪২৭  
১৬ ফেব্রুয়ারি ২০২১


বিষয়ঃ ঝিনাইদহ জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্যাক্স আদায় প্রসঙ্গে।

সূত্রঃ ডিডিএলজি, ঝিনাইদহ এর স্মারক নং-৬৪, তারিখঃ ০১/০২/২০২১খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত জানুয়ারি, ২০২১ মাসের পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনায় এ বিভাগের পর্যবেক্ষণ মন্তব্য নিম্নরূপঃ-

ক্রম	প্রতিষ্ঠানের নাম	পর্যবেক্ষণ/মন্তব্য
১	০৮নং বাঁশবাড়ীয়া ইউনিয়ন পরিষদ (মহেশপুর)	২০২০-২১ অর্থ বছরে ট্যাক্সের হাল/মোট দাবী টাকা ৮,৫০.০০০/- (আট লক্ষ পঞ্চাশ হাজার), গত ০৭/০১/২০২১ তারিখ পর্যন্ত আদায় (০) শূণ্য। যা হতাশাজনক। তাই, লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার করা আবশ্যিক।
২	১০ নং কাষ্টভাঙ্গা ইউনিয়ন পরিষদ (কালীগঞ্জ)	২০২০-২১ অর্থ বছরে ট্যাক্সের দাবী টাকা ৪,৫০.০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার), গত ২০/০১/২০২১ তারিখ পর্যন্ত আদায় (০) শূণ্য। যা হতাশাজনক। তাই, লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার করা প্রয়োজন।
৩	১০ নং বগুড়া ইউনিয়ন পরিষদ (শৈলকুপা)	২০২০-২১ অর্থ বছরে ট্যাক্সের দাবী টাকা ৪,৫০.০০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার), গত ১০/০১/২০২১ তারিখ পর্যন্ত আদায় ৬২,৫৯৫/- টাকা। ট্যাক্স কালেকশন আশা ব্যাজক নয়। তাই, ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে।
৪	১১ নং পদ্মাকর ইউনিয়ন পরিষদ (ঝিনাইদহ সদর)	২০২০-২১ অর্থ বছরে ট্যাক্সের দাবী টাকা ৪,০০.০০০/- (চার লক্ষ), গত ০৬/০১/২০২১ তারিখ পর্যন্ত (০) শূণ্য আদায়। যা হতাশাজনক। তাই, লক্ষ্যমাত্রা অনুযায়ী ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার করা আবশ্যিক।
৫	০৬ নং গান্ধী ইউনিয়ন পরিষদ (ঝিনাইদহ সদর)	২০২০-২১ অর্থ বছরে ট্যাক্সের দাবী টাকা ৬,৬০.৬০০/- (ছয় লক্ষ ষাট হাজার ছয়শত), গত ০৪/০১/২০২১ তারিখ পর্যন্ত আদায় ১,১০,০০০/- টাকা। ট্যাক্স কালেকশন আশাব্যাজক নয়। তাই, ট্যাক্স আদায় কার্যক্রম জোরদার করা আবশ্যিক।

এমতাবস্থায় চলতি ২০২০-২১ অর্থ বছরে উল্লিখিত ইউনিয়ন পরিষদের ট্যাক্স এসেসমেন্ট, প্রকৃত আদায়ের বিবরণী এবং আদায়কৃত ট্যাক্স সরকারি কোষাগারে জমার স্বপক্ষে প্রমাণকসহ ট্যাক্স আদায় কার্যক্রম সন্তোষজনক না হওয়ার যৌক্তিক কারণ উল্লেখ পূর্বক বিবরণী (চেয়ারম্যান ও ইউপি সচিবের স্বাক্ষর যুক্ত) ডিডিএলজি কার্যালয়ের মাধ্যমে আগামী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোঃ শাহ জালাল  
সহকারী সচিব  
☎ ৯৫৪৬২২৭

Cell: ০১৫৫২৪৫৬০০৯

e-mail: monitoring2lgd@gmail.com

চেয়ারম্যান,

বাঁশবাড়ীয়া/কাষ্টভাঙ্গা/বগুড়া/পদ্মাকর/গান্ধী ইউনিয়ন পরিষদ।

উপজেলা-মহেশপুর/কালীগঞ্জ/শৈলকুপা/ঝিনাইদহ সদর

ঝিনাইদহ।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।

০২। উপজেলা নির্বাহী অফিসার, মহেশপুর/কালীগঞ্জ/শৈলকুপা/ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

✓ ০৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।

০৫। মহাপরিচালক (মইই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।